

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৮০

আগরতলা, ১৭ জানুয়ারি, ২০২৫

**১ ফেব্রুয়ারি থেকে রাজ্যে স্পোর্টস টেলেন্ট
সার্চ স্কিম ২০২৪-২৫ শুরু : ক্রীড়ামন্ত্রী**

খেলাধুলায় উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে ত্রিপুরা কোনও অংশেই পিছিয়ে নেই। গ্রামীণ প্রতিভাবান খেলোয়াড়দের তুলে আনার লক্ষ্যে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে মুখ্যমন্ত্রী টেলেন্ট সার্চ স্কিমের অঙ্গ হিসেবে স্পোর্টস টেলেন্ট সার্চ স্কিম ২০২৪-২৫ সারা রাজ্যে আগামী ১ ফেব্রুয়ারি থেকে শুরু হবে। এই প্রতিযোগিতায় অনুর্ধ্ব ১০ এবং অনুর্ধ্ব ১৪ বছরের ছেলেমেয়েরা ফুটবল, কাবাড়ি, খো-খো এবং অ্যাথলেটিক্সে অংশগ্রহণ করবে। আজ সোনারতিরি স্টেট গেস্ট হাউসের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানান যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

ক্রীড়ামন্ত্রী জানান, রাজ্যের প্রতিটি ব্লককে ৪টি জোনে, আগরতলা পুরনিগমকে ৪টি জোনে এবং রাজ্যের বিভিন্ন পুরপরিষদ ও নগর পঞ্চায়েতকে ১টি জোনে ভাগ করে বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিতার আয়োজন করা হবে। সেখান থেকে ১০৪ জন প্রতিভাবান খেলোয়াড়কে নিয়ে মহকুমাস্তরের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। মহকুমাস্তর থেকে বাছাইকৃত খেলোয়াড়দের জেলাস্তরের প্রতিযোগিতায় পাঠানো হবে। পরবর্তী সময়ে রাজ্যের ৮টি জেলায় বাছাইকৃত খেলোয়াড়দের রাজ্যস্তরীয় প্রতিযোগিতার মাধ্যমে প্রতিভা অন্বেষণ করে তাদের রাজ্যের স্পোর্টস স্কুল ও স্বীকৃত বিভিন্ন কোচিং সেন্টারে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। তারা যেন আগামীদিনে জাতীয়স্তরের বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ভালো ফলাফল অর্জন করতে পারে এই লক্ষ্য নিয়েই এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

ক্রীড়ামন্ত্রী আরও বলেন, উত্তরাখণ্ডে অনুষ্ঠিতব্য ৩৮তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় রাজ্য থেকে ১৩ জন খেলোয়াড় অংশগ্রহণ করবে। তাদের মধ্যে ট্রায়াথলনে ২ জন, স্কোয়াশে ১ জন, যোগায় ৪ জন, জিমন্যাস্টিক্সে ৪ জন এবং জুড়োতে ২ জন অংশগ্রহণ করবে। এই প্রতিযোগিতায় কোচ, আধিকারিক সহ মোট ২৫ জন সদস্যের একটি দল উত্তরাখণ্ডে যাবে। ক্রীড়ামন্ত্রী গত ২ বছরের খেলাধুলায় রাজ্যের সাফল্যের পরিসংখ্যান দিতে গিয়ে বলেন, অনুর্ধ্ব ১৪ এবং অনুর্ধ্ব ১৯ জাতীয় স্তরের বিভিন্ন প্রতিযোগিতায় স্কুলের ছেলেমেয়েরা ১৩টি স্বর্ণ, ১৩টি রৌপ্য এবং ১৭টি ব্রোঞ্জ পদক জিতেছে। সদ্য সমাপ্ত জাতীয় যুব উৎসবেও রাজ্যের ছেলেমেয়েরা ২টি বিভাগে তৃতীয় স্থান অর্জন করেছে। রাজ্যের বিভিন্ন অ্যাসোসিয়েশন থেকেও ১৯ বছর উর্ধ্ব খেলোয়াড়রা ১৭টি স্বর্ণ, ১৮টি রৌপ্য এবং ৩০টি ব্রোঞ্জ পদক অর্জন করেছে। তেলেঙ্গানায় অনুষ্ঠিত জাতীয় স্তরের যোগা প্রতিযোগিতায় অনুর্ধ্ব ১৪ বছর বিভাগে কৃতিকা দত্ত স্বর্ণ পদক জিতেছে। আজকের এই সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী, অধিকর্তা সত্যব্রত নাথ, বিভিন্ন জেলার সভাধিপ্রতিগণ, আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত সহ যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের জেলা ও মহকুমা স্তরের আধিকারিকগণ।
